



সংরক্ষিত নারী আসনে বিএনপির মনোনয়ন নিলেন অভিনেত্রী চমক



অভিনেত্রী চমক। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসন ঘিরে আলোচনায় আছেন বিভিন্ন অঙ্গনের পরিচিত মুখ। কনকচাঁপা, বেবী নাজনীনদের পাশাপাশি এবার এই তালিকায় যুক্ত হয়েছেন ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী রোকাইয়া জাহান চমক।

জানা গেছে, কুষ্টিয়া অঞ্চল থেকে বিএনপির মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন তিনি। সম্প্রতি দলটিতে আনুষ্ঠানিকভাবে যোগ দেওয়ার বিষয়টিও নিজেই নিশ্চিত করেছেন চমক।

শুক্রবার (১৭ এপ্রিল) বিকেলে মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার নেয় বিএনপির মনোনয়ন বোর্ড। সাক্ষাৎকার শেষে বেশ আশাবাদী মনোভাব নিয়ে বের হতে দেখা যায় এই অভিনেত্রীকে। তিনি বলেন, দেশের উন্নয়ন ও বিশেষ করে নারীদের জন্য কাজ করার লক্ষ্য থেকেই রাজনীতিতে আসা। নিজের পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি কার্যকর প্ল্যাটফর্ম প্রয়োজন ছিল, যা তিনি বিএনপিতে দেখছেন। দলীয় শীর্ষ পর্যায়ের সঙ্গে আলোচনাও ইতিবাচক হয়েছে বলে জানান তিনি।

সামাজিক যোগাযোগ মাধ্যমেও নতুন যাত্রার ইঙ্গিত দিয়েছেন চমক। এক পোস্টে তিনি লেখেন, নতুন পথচলা শুরু হয়েছে, শিগগিরই বিস্তারিত জানানো হবে—সবাইকে পাশে থাকার আহ্বান জানান তিনি।

তবে শেষ পর্যন্ত তিনি মনোনয়ন পাচ্ছেন কি না, তা জানতে অপেক্ষা করতে হবে দলের চূড়ান্ত সিদ্ধান্তের জন্য।

বর্তমান সময়ে আলোচিত এই অভিনেত্রী অভিনয়ের পাশাপাশি সামাজিক বিষয়েও সরব। বিশেষ করে সাম্প্রতিক গণআন্দোলনে ছাত্রদের পক্ষে অবস্থান নেওয়ায় তিনি বেশ আলোচনায় আসেন।